

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যে বিশালাকার সাপ কাফির ব্যক্তির কবরে চাপিয়ে দেওয়া হবে তার বিবরণ সম্পর্কে হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصنْفِ التِّنِّينِ الَّذِي يُسلط عَلَى الْكَافِرِ فِي قَبْرِهِ

আরবী

3112 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا السَّمْحِ حَدَّثَهُ عَنِ ابْنِ حُجَيْرَةَ عَنْ أَبِي ابْنُ وَهْبِ قَالَ: (إِنَّ الْمُؤْمِنَ فِي قَبْرِهِ لَفِي رَوْضَةٍ هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الْمُؤْمِنَ فِي قَبْرِهِ لَفِي رَوْضَةٍ خَضْرًاءَ ويُرْحَبُ لَهُ قَبْرُهُ سَبْعُونَ دَرَاعًا ويُنَوَّدُ لَهُ كَالْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ أَتَدْرُونَ فِيمَا أُنْزِلَتُ خَضْرًاءَ ويُرْحَبُ لَهُ قَبْرُهُ سَبْعُونَ دَرَاعًا ويُنَوَّدُ لَهُ كَالْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ أَتَدْرُونَ فِيمَا أُنْزِلَتُ خَضْرًاءَ ويُرْحَبُ لَهُ مَعِيشَةُ الضَّنْكَةُ؟)) قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (عَذَابُ الْكَافِرِ فِي قَبْرِهِ ـ أَتَدْرُونَ مَا الْمَعِيشَةُ الضَّنْكَةُ؟)) قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (عَذَابُ الْكَافِرِ فِي قَبْرِهِ ـ أَتَدْرُونَ مَا الْمَعِيشَةُ الصَّنْكَةُ؟)) قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (عَذَابُ الْكَافِرِ فِي قَبْرِهِ ـ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ ـ إِنَّهُ يُسلَّطُ عَلَيْهِ تِسْعُةٌ وَتِسْعُونَ تِنِينًا أَتَدْرُونَ مَا التِّينِينُ سَبْعُونَ حَيَّةً وَلِسُعُونَ تَنِينًا أَتَدْرُونَ مَا التَّيِينُ سَبْعُونَ حَيَّةً وَلِسُعُونَ تَنِينًا أَتَدْرُونَ مَا التَّيِينُ السَّعونَ وَيَعْدُ اللهِ الْمَعْدِينَ اللَّهُ اللَّالِمُ الْمَعْدِينَ اللَّهُ الْمَعْدِينَ اللَّهُ الْمُعْرَبِينَ الْمُعْرِقُ المصدر : التعليقات الرفي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصفحة أو الرقم: 113 المحدث : علاصة حكم المحدث: حسن ـ ((التعليق الرغيب)) (4/

বাংলা

৩১১২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "নিশ্চয়ই মুমিন ব্যক্তি কবরে সবুজ বাগানে থাকবে। তার কবরকে ৭০ গজ প্রশস্ত করা হবে এবং সেটাকে পুর্ণিমার রাতের চাঁদের ন্যায় আলোকিত করা হবে। তোমরা কি জানো আল্লাহর বাণী, "তবে নিশ্চয়ই তার জন্য রয়েছে সংকীর্ণ জীবন এবং আমরা তাকে কিয়ামতের দিন অন্ধ করে উঠাবো।"–সূরা

ত্বহা: ১২৪। কোন বিষয়ে এটি অবতীর্ণ হয়েছে?" তোমরা কি জানো 'সংকীর্ণ জীবন' কী?" সাহাবীগণ জবাব দিলেন, "আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই ভালো জানেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম বলেন, "এটা হলো কবরে কাফির ব্যক্তির কবরের আযাব। ঐ সন্তার কসম, যার হাতে আমার প্রাণ, নিশ্চয়ই তার উপর ৯৯ টি বিশালাকার সাপ চাপিয়ে দেওয়া হবে? তোমরা কি জানো বিশালাকার সাপ কি? এটা হলো ৭০ টি সাপ। প্রত্যেকটি সাপের সাতটি করে মাথা রয়েছে, যা তাকে কিয়ামত পর্যন্ত দংশন করবে এবং তাকে আঁচড় মারবে।"[1]

ফুটনোট

[1] তাফসীরে তাবারী: ১৬/২২৮; ইমাম বাইহাকী, ইসবাতু আযাবিল কবর: ৬৮; বাযযার: ২২৩৩; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৭/৬৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/১৮৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন